

কোটেশন বিজ্ঞপ্তি

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়ের গোপনীয় শাখায় ব্যবহারের জন্য পাটের রশি (সূতলী) জরুরী ভিত্তিতে ক্রয়/সংগ্রহের নিমিত্ত সকল প্রকৃত ঠিকাদারী/ব্যবসায়ী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত কোটেশনের মাধ্যমে দরপত্র আহবান করা যাচ্ছে।

ক্রমিক নং	পণ্যের নাম ও বিবরণ	পরিমাণ	একক মূল্য	মোট মূল্য
০১	পাটের রশি (সূতলী)	১০০০ (এক হাজার) কেজি		

দরপত্র আগামী ০২-০৯-২০১৯ খ্রি: বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্রসমূহ ঐ দিনই বেলা ৩.০০ ঘটিকায় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

কোটেশনের শর্তাবলী:

- ০১। প্রকৃত ঠিকাদারী/ব্যবসায়ী প্রতিষ্ঠান দরপত্র দাখিল করতে পারবেন।
- ০২। দরপত্রের সহিত হাল নাগাদ নাবায়নকৃত ট্রেড লাইসেন্স, ভ্যাট ও আয়কর সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ০৩। চাহিদাকৃত পণ্যের মূল্য উল্লেখপূর্বক প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে ফরোয়ার্ডিং সহ উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকাকে সম্বোধন করে দরপত্র দাখিল করতে হবে।
- ০৪। পণ্য সরবরাহকারী প্রতিষ্ঠানকে প্রযোজ্য ভ্যাট, আয়কর ও অন্যান্য কর (যদি থাকে) পরিশোধ করতে হবে।
- ০৫। চূড়ান্ত কার্যাদেশ প্রাপ্তির ০৩ (তিন) কার্য দিবসের মধ্যে চাহিদাকৃত পণ্য সরবরাহ করতে হবে।
- ০৬। দরপ্রস্তাবে কোন প্রকার কাটাকাটি ও ঘষামাজা গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।
- ০৭। সরবরাহকৃত পণ্য নির্ধারিত পরীক্ষণ কমিটি কর্তৃক পরীক্ষণোত্তর সন্তোষজনক বিবেচিত হওয়ার পর পণ্য গ্রহণ করা হবে।
- ০৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ কিংবা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ০৯। উল্লিখিত শর্তাদি ছাড়াও এতদসংক্রান্ত বিষয়ে পিপিআর-২০০৮ এর যে কোন শর্তাদি প্রযোজ্য হবে।



(মোঃ তারিকুল ইসলাম খান)
উপপরিচালক (উপসচিব)

ফোন-৯১১৭৪১৫

dd.bgpress@dpp.gov.bd

স্মারক নং-০৫.৮২.০০০০.০১৮.০৭.০০৯.১৯-২০/ ১৭৯৬

তারিখ: ২৭/০৮/২০১৯ খ্রি.

সদয় জ্ঞাতার্থে:

- ০১। মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০২। উপপরিচালক, গভঃ প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৩। উপপরিচালক, বাংলাদেশ স্টেশনারী অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৪। উপপরিচালক, বাংলাদেশ নিরাপত্তা মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৬। সহকারী পরিচালক, (প্রশা-১), মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৭। স্টেশনারী বোর্ড, বিজি প্রেস, তেজগাঁও, ঢাকা-১২০৮।
- ০৮। শাখা প্রধান, ওয়েব সাইট শাখা, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা-১২০৮। বি.জি.প্রেসের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করার জন্য অনুরোধ করা হলো।

বিজ্ঞপ্তিটি তাঁর কার্যালয়ের
নোটিশ বোর্ডে প্রকাশ/টাজ্ঞানোর
ব্যবস্থা করার জন্য অনুরোধ
জনানো হলো।